

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd

নং-৩৪.০১.০০০০.০০৭.২৭.০৫৯.২০১৩-

তারিখঃ-----খিঃ

আদেশ

যেহেতু, জনাব মোঃ হুমায়ুন কবির, ক্রেডিট সুপারভাইজার, যুব উন্নয়ন অধিদপ্তর, কাপাসিয়া, গাজীপুর পূর্ববর্তী কর্মসূল মনোহরদী, নরসিংড়ী কর্মকালীন ০৮ জন নিকটান্তীয়ের নামে ২,৩০,০০০/- যুব খণ্ড বিতরণ করেন। বিতরণকৃত খণ্ডের আসল ১,৮২,০০০/- এবং সার্ভিস চার্জ বাবদ ১,৩৪,৮৭৪/- খেলাপী থাকার অভিযোগে অধিদপ্তরের ০৭-১১-২০১৩ খিঃ তারিখের ৩৯০ সংখ্যক স্মারকে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫-এর ৩(এ) ও ৩(বি) বিধি মোতাবেক যথাক্রমে অদক্ষতা ও অসদাচরণের অভিযোগে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা চালু করা হয়।

যেহেতু, তিনি বিভাগীয় মামলায় লিখিতভাবে জবাব দাখিল করেন। তার আবেদনের প্রেক্ষিতে গত ০২-৩-২০১৪ খিঃ তারিখে মহাপরিচালক কর্তৃক ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়। ব্যক্তিগত শুনানীতে তিনি খেলাপী আদায়ে সময় প্রার্থনা করলে তাকে পর পর ৪ বার সময় দেয়া হয়। সর্বশেষ জুন/২০১৬ পর্যন্ত প্রদত্ত সময়ের মধ্যে তিনি সর্বমোট আসল ১,৮২,০০০/- টাকা আদায় করেন মর্মে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার প্রেরিত প্রত্যয়নে উল্লেখ করা হয় এবং এদিকে অভিযুক্ত তার আবেদনে ১,৮২,০০০/- আদায়ের কথা জানিয়ে খেলাপী সার্ভিস চার্জ ১,৩৪,৮৭৪/- টাকাও স্বল্প সময়ের মধ্যে আদায় করবেন মর্মে উল্লেখপূর্বক অভিযোগ হতে অব্যাহতি চান;

যেহেতু, অভিযুক্তের প্রদত্ত বক্তব্য, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার প্রতিবেদন ও নথিপত্র পর্যালোচনায় দেখা যায় অভিযুক্ত কর্মচারী খেলাপী খণ্ডের আসল ১,৮২,০০০/- টাকা আদায় করেছেন। তবে সার্ভিস চার্জ এখনও খেলাপী রয়েছে। সার্বিক অবস্থা পর্যালোচনা করে যেহেতু তিনি খণ্ডের আসল টাকা আদায় করেছেন সেহেতু জনাব মোঃ হুমায়ুন কবির-কে বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়;

সেহেতু, এক্ষণে অভিযুক্ত কর্মচারী জনাব মোঃ হুমায়ুন কবির, ক্রেডিট সুপারভাইজার-কে বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদান করা হলো। তবে ভবিষ্যতে এ ধরণের আচরণ থেকে বিরুত থাকার জন্য সতর্ক করা হলো। একই সাথে আগামী ০১-১২-২০১৬ খিঃ তারিখের মধ্যে খেলাপী সার্ভিস চার্জের সমুদয় টাকা আদায় করে যথাযথ থাকে জমাদানের জন্যও নির্দেশ দেয়া হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-

(আনোয়ারুল করিম)

মহাপরিচালক

ফোন-৯৫৫৯৩৮৯।

নং-৩৪.০১.০০০০.০০৭.২৭.০৫৯.২০১৩-২৩৫

তারিখঃ ১৪-৮-২০১৬ খিঃ।

- অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরিত হলো :
- ০১। পরিচালক (দাঃ বিঃ ও খণ্ড) যুব উন্নয়ন অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, গাজীপুর/ নরসিংড়ী।
- ০৩। কম্পিউটার প্রেঞ্চামার, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা-কে আবেদনের কপিটি ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা নিতে অনুরোধ করা হলো।
- ০৪। সহকারী পরিচালক (প্রশাসন) যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা-কে সংশ্লিষ্ট কর্মচারীর ব্যক্তিগত নথিতে কপিটি সংরক্ষণে অনুরোধ করা হলো।
- ০৫। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, কাপাসিয়া, গাজীপুর/ মনোহরদী, নরসিংড়ী-কে অভিযুক্ত কর্তৃক খণ্ডের সার্ভিস চার্জ আদায়ে মনিটরিং এবং নিয়মিত অংগুলির প্রতিবেদন প্রেরণ করতে অনুরোধ করা হলো।
- ০৬। জনাব মোঃ হুমায়ুন কবির, ক্রেডিট সুপারভাইজার, যুব উন্নয়ন অধিদপ্তর, কাপাসিয়া, গাজীপুর।
- ০৭। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০৮। অফিস কপি/ গার্ড ফাইল।

(মোঃ আতাউর রহমান)

সহকারী পরিচালক (শৃঙ্খলা)

যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।